

বাস্তব পৃথিবী

-- শুভক্লর রায়

রং দিয়ে ঢাকা যতই হোক এই রঞ্জিন পৃথিবী,
 অতীতের অন্ধকার এ সবই যেন কালময় মায়াবী।
 দিশাহারা দৃষ্টির রঙিন জলের ফোটা,
 স্বপ্নের জগতে দাগহীন নিষ্পাপ কাটা।
 লাল রঙ্গে রঞ্জিন রক্তহীন সমুদ্রের আকাশ,
 ছন্দহীন নৌকা জাহাজ রুকছে তাদের বাতাস।
 কাটাহীন গোলাপ আর মনের টুকরো,
 মুখে মিষ্টি হাসি যেন সূর্যহীন দিবারাত্র ধরো।
 বৃষ্টির ফোঁটা আর হারানো সেই দিন,
 কোমল পদ কাটার বিকাশ কিন্তু সে ক্ষতহীন।
 স্বপ্ন কিছু যা সত্যি হওয়া বিরামহীন,
 প্রবাহমান নদী যেন বাস্তবে গতিহীন।
 সূর্যোদয়ে আকাশ লাল আভায় হয় রঙিন, বাস্তব জীবনের সত্যগুলি বড়ই কঠিন।
 কালোছায়াময় অতীতের অন্ধকারে ঢাকা বাস্তব পৃথিবী,
 মিথ্যার কাছে হার মেনে সত্যি জানায় তার দাবি।।